

🗏 আল-হাশার | Al-Hashr | ٱلْحَشْر

আয়াতঃ ৫৯:১

আরবি মূল আয়াত:

سَبَّحَ لِللهِ مَا فِي السَّمٰوٰتِ وَ مَا فِي الأَرضِ وَ هُوَ العَزِيزُ الحَكِيمُ ﴿١﴾

আসমানসমূহে ও যমীনে যা কিছু আছে সবই আল্লাহর তাসবীহ পাঠ করছে এবং তিনি মহা পরাক্রমশালী, প্রজ্ঞাময়। — আল-বায়ান

আসমান ও যমীনে যা কিছু আছে সবই আল্লাহর গৌরব ও মহিমা ঘোষণা করে। আর তিনি (আল্লাহ) পরাক্রমশালী প্রজ্ঞাময়। — তাইসিরুল

আকাশমন্তলী ও পৃথিবীতে যা কিছু আছে সবই তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে, তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। — মুজিবুর রহমান

Whatever is in the heavens and whatever is on the earth exalts Allah, and He is the Exalted in Might, the Wise. — Sahih International

১. আসমানসমূহ ও যমীনে যা কিছু আছে সবই আল্লাহ্র পবিত্রতা ও মহিমা ঘোষণা করে; আর তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

তাফসীরে জাকারিয়া

(১) আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5127

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন